DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 04:39 PM

বিনোদন

# সেলেনা গোমেজের ভিডিও ফাঁস, মুহূর্তেই ভাইরাল!

প্রতিবেদক: বিনোদন ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



সেলেনা গোমেজ, সংগৃহীত ছবি।

আইনি বিপাকে জনপ্রিয় মার্কিন তারকা সেলেনা গোমেজ। মানসিক স্বাস্থ্যের প্রসারে তৈরি করা তাঁর ভেঞ্চার ওয়ান্ডারমাইন্ড সংস্থাকে ঘিরে জালিয়াতির অভিযোগ উঠেছে।

শুধু সেলেনা একা নন, তার মা ম্যান্ডি টিফি এবং সংস্থার সাবেক অংশীদার ড্যানিয়েলা পিয়ারসনের বিরুদ্ধেও জালিয়ার অভিযোগ। কোটি কোটি ডলার বিনিয়োগ করে প্রতারণার শিকার হয়েছেন বলে দাবি করেছেন বিনিয়োগকারীরা।

সূত্রের খবর অনুযায়ী, ওয়ান্ডারমাইন্ড এসআরএস ৪৪ এলএলসি এবং বেসপোক ওয়ান্ডারমাইন্ড এলএলসি নামের দুটি প্রতিষ্ঠান আইনি লড়াইয়ের পথে হেঁটেছে। তারা সরাসরি ওয়ান্ডারমাইন্ড গ্লোবালসহ সেলেনা, ম্যান্ডি ও পিয়ারসনের বিরুদ্ধে মামলা দায়ের করেছে। অভিযোগপত্রে বলা হয়েছে, সংস্থাকে লাভজনক প্ল্যাটফর্ম হিসেবে বড়া করে তুলে ধরা হলেও, আদতে চিত্র ছিল ভিন্ন। বিনিয়োগকারীদের

ধোঁকা দিতে সুকৌশলে বিভ্রান্তিকর তথ্য সামনে আনা হয়েছিল।

পপ তারকা সেলেনার পরিচিতি ও জনপ্রিয়তাকে কাজে লাগিয়ে প্রতারণার ফাঁদ পাতা হয়েছিল বলে অভিযোগ। বিভিন্ন টেলিভিশন শো ও সাক্ষাৎকারে সেলেনা নিজে এই সংস্থার পক্ষে প্রচার চালিয়েছিলেন। পাশাপাশি ড্যানিয়েলা পিয়ারসনের ভূমিকা নিয়েও প্রশ্ন তোলা হয়েছে।

অতীতে তার ব্যবসায়িক সফলতার গল্প শুনিয়ে এবং ভবিষ্যতে বিপুল লাভের আশ্বাস দিয়ে বিনিয়োগকারীদের কাছ থেকে বিপুল অর্থ হাতিয়ে নেওয়া হয়েছিল। কিন্তু প্রতিশ্রুতির বাস্তবায়ন দেখা যায়নি।

প্রায় তিন বছর ধরে সংস্থার অন্দরে আর্থিক সংকট চললেও তা গোপন রাখা হয়েছিল। বিনিয়োগকারীরা বিন্দুমাত্র টের পাননি যে কোম্পানি ভেতরে ভেতরে দেউলিয়া হওয়ার পথে। তবে প্রতারণার চেষ্টা বেশিদিন আড়াল করে রাখা সম্ভব হয়নি।

২০২৫ সালের সেপ্টেম্বর মাসে দ্য কাট পত্রিকায় প্রকাশিত একটি প্রতিবেদনের সুবাদে প্রথম থলের বেড়াল বেরিয়ে পড়ে। ওই প্রতিবেদনে সংস্থার ভঙ্গুর অভ্যন্তরীণ অবস্থার কথা প্রকাশ্যে আসে। সংবাদমাধ্যমের প্রতিবেদন দেখে নড়েচড়ে বসেন বিনিয়োগকারীরা।

পুরো ঘটনায় আর্থিক জালিয়াতি মামলা রুজু হয়েছে। পাশাপাশি বিনিয়োগকারীরা বড় অংকের ক্ষতিপূরণ দাবি করেছেন।

ভিডিওটি দেখতে এখানে ক্লিক করুন।

---

## এ বিভাগের আরও খবর



**ইতালিতে বাঁধনের ওপর হামলাকারী ৩ ব্যক্তি শনাক্ত**

অভিনেত্রী আজমেরী হক বাঁধনের ওপর হামলা ও হেনস্তার ঘটনায় জড়িত কয়েকজনের পরিচয় পাওয়া গেছে। ভিডিও বিশ্লেষণ করে তাদের মধ্যে শিপল মাহমুদ বিপ্লব, ইল...



### সামান্য মস্করায় ফাঁসলেন নোরা ফাতেহি, খেলেন ৪ কোটি টাকার মামলা

বিমানে বসে সেটিকে নিয়ে বিদ্রূপাত্মক পোস্ট করায় আইনি ঝামেলায় পড়েছেন বলিউড অভিনেত্রী নোরা ফাতেহি। তার বিরুদ্ধে তিন কোটি রুপির (বাংলাদেশি মুদ্র...

---



### নিজেদের বঙ্গবন্ধুর সৈনিক পরিচয় দিয়ে অভিনেত্রী বাঁধনের ওপর হামলা

ইতালিতে লাঞ্ছনার শিকার হয়েছেন জনপ্রিয় অভিনেত্রী আজমেরী হক বাঁধন। ভেনিস আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে যোগ দিতে গিয়ে দেশটির  মেস্ত্রে শহরে...

---



### হার্দিকের সঙ্গে আমিশার প্রেমের গুঞ্জন, সোশ্যাল মিডিয়ায় ভিডিও ভাইরাল

ক্রিকেট মাঠের পারফরম্যান্সের চেয়ে ব্যক্তিগত জীবন নিয়েই এখন বেশি আলোচনায় ভারতীয় ক্রিকেটার হার্দিক পান্ডিয়া। নাতাশা স্ট্যানকোভিচের সঙ্গে সম্পর...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/entertainment/selena-gomejer-bhidio-fans-muhurtei-bhairal